[illegible]

[illegible]

Universe Human Foundation
Reg No- S-15313/2026

তারিখ : ০২.১০.২০২৫

- শিক্ষা প্রকল্প।
- স্বাস্থ্য প্রকল্প।
- পুনর্বাসন প্রকল্প।
- মাদক নিরাময় পকল্প।
- দূর্যোগ পরবর্তী ব্যবস্থাপনা

শিক্ষা প্রকল্প :

ভূমিকা ঃ আল্লাহতায়ালার প্রথম নির্দেশ "পড়" রাসুল (সাঃ) জীবনের শেষ নির্দেশ পৌঁছে দাও। তাই আমাদের বক্তব্য হলো Learn and Share, Learn and Lead.

আমার জেনারেশন কে এমনভাবে গড়তে চাই যে সে

১। তাকে সৃষ্টি করার মূল উদ্দেশ্য জানতে পারবে।
২। মানুষ এবং পশুর মধ্যকার পার্থক্য বুঝতে পারবে।
৩। সাদা ও কালোর মধ্যকার পার্থক্য বুঝতে পারবে।
৪। এমন মূল্যবোধ নিয়ে বেড়ে উঠবে যে, তার অর্জিত Power স্বয়ংক্রিয়ভাবে প্রজ্জ্বলিত হতেই থাকবে।
৫। জ্ঞান বিজ্ঞান ও নৈতিকতার সমন্বয়ে সর্বোত্তম প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে সে বিশ্ববাসীকে নেতৃত্ব দিবে।

এক কথায় আমরা এমন এক প্রজন্ম তৈরী করতে চাই, যে সত্যের সাক্ষ্য হিসেবে নিজেকে উপস্থাপন করবে। Change the world ই হবে তার জীবনের মূল লক্ষ্য।

কর্মসূচী ঃ

- জুনিয়র একাডেমী Play to A Level.

১ম পর্যায়ে

- Play to 5th Class British Curriculum.
- Arabic Grammar/ Language + Hifz.
- Parenting and Social Work.
- IT, Computer Lab.
- Cultural Activities.

- Exercise and Sports
- Motivational Speech.
- Serat and Quran Study.

অস্থায়ী ক্যাম্পাস:

- আফতাব নগর, বাজ্ডা, ঢাকা।
- স্থায়ী ক্যাম্পাস: সোনারগাঁ, নারায়নগঞ্জ।

বাজেট :

একটি একাডেমিক কাম আবাসিক ভবন

৫কাঠা (৮ তলা ভবন)

জমির মূল্য	-	৬,০০,০০০০০/- (ছয় কোটি) টাকা।
ভবন তৈরী	-	৭,৫০,০০০০০/- (সাত কোটি পঞ্চাশ লক্ষ)টাকা।
মোট	-	১৩,৫০,০০০০০/- (তের কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র।
Academy Establishment:	-	২,০০,০০০০০/- (দুই কোটি) টাকা।

৩ বছরের শিক্ষাবৃত্তি ও ইনভেস্ট বাজেট (১০০ জন ছাত্রের জন্য)- ৩,৬০,০০০০০/- (তিন কোটি ষাট লক্ষ) টাকা।

প্রাথমিক স্তরে সর্ব মোট বাজেট - ১৯,১০,০০০০০০/- (উনিশ কোটি দশ লক্ষ) টাকা।

স্বাস্থ্য প্রকল্প

সুস্থতা আল্লাহর বড় নেয়ামত, করোনা ভাইরাস বা কোভিড-১৯ দেখিয়ে দিল আল্লাহর মেহেরবানী না থাকলে সর্দি, কাশির মত সামান্য ভাইরাসে ও পৃথিবীর সর্বোচ্চ টেকনোলজি ব্যবহার করেও বেঁচে থাকা অসম্ভব।

উন্নত দেশে সুস্থ্য থাকার জন্য প্রাইভেট ও রাষ্ট্রীয় যে ব্যবস্থাপনা রয়েছে তার ক্রিয়দাংশও আমাদের নিম্ন আয়ের জনগন ভোগ করতে পারছেনা।

এখানে চিকিৎসার অভাবে অসংখ্য নারী, শিশু বৃদ্ধ অসহায় মানবতা নিরবে নিবৃত্তে নিঃশেষ হয়ে যাচ্ছে। কিছুক্ষনের জন্য নিরবে ভাবুনতো আপনি যে, স্বাস্থ্যসেবা গ্রহন করছেন সেই আপনার মতই একজন মানুষ চিকিৎসার অভাবে কাতরাতে কাতরাতে নিভে যাচ্ছে।

অসহায় এই জনগোষ্ঠির বোবা কান্না আমাদের বিবেককে কি একটুও নাড়া দেয়?

বাস্তবতার এই প্রেক্ষাপটে **Universe Human Foundation** দরিদ্র সীমার নিচে বসবাসরত জন সাধারনের জন্য চালু করতে যাচ্ছে **Human Health Care,** প্রকল্পের প্রাথমিক বাজেট নিম্নরুপ :

স্বাস্থ্য বাজেট

- জমি- ৬৬ শতক বা ০২ দুই বিঘা বা ২৮,৭৪৯.৬০ বর্গফুট বা স্কয়ারফিট।
- জমির আনুমানিক মূল্য- - ৯০,০০০০০/- (নব্বই লক্ষ) টাকা।
- ১০ তলা ভবন ০২ (দুই) টি ৩৪,৫৬,০০০০০*২ - ৬৯,১২,০০০০০/-(উনসত্তর কোটি বারো লক্ষ) টাকা।
- ল্যাবরেটরী - ২,০০,০০০০০/- (দুই কোটি) টাকা মাত্র।
- ইমেজিং(এক্সরে) - ৬০,০০০০০/- (ষাট লক্ষ) টাকা মাত্র ।
- সিটি স্কেন - ৩,০০,০০০০০/-(তিন কোটি) টাকা মাত্র।
- এম আর আই - ৯,০০,০০০০০/- (নয় কোটি) টাকা মাত্র।
- এন্ডোস কপি - ১,৮০,০০০০০/- (এক কোটি আশি লক্ষ(টাকা মাত্র।
- আলট্রা সনোগ্রাফি - ৬০,০০০০০/- (ষাট লক্ষ)টাকা মাত্র।
- ইকো - ৩০,০০০০০/- (ত্রিশ লক্ষ)টাকা মাত্র।
- ওপিজি - ৫০,০০০০০/- (পঞ্চাশ লক্ষ)টাকা মাত্র।
- আইসিইউ - ২,০০,০০০০০/- (দুই কোটি)টাকা মাত্র।
- ডায়ালাইসিস - ২,৫০,০০০০০/- (দুই কেটি পঞ্চাশ লক্ষ)টাকা মাত্র।
- অন্যান্য ইন্সট্রুমেন্ট - ৫,০০,০০০০০/- (পাঁচ কোটি)টাকা মাত্র।

মোট : **৯৪,৬২,০০০০০/- (চুরা নব্বই কোটি বাষট্টি লক্ষ) টাকা মাত্র।**

পুনবার্সন প্রকল্প

বাংলাদেশের রাস্তার ফুটপাতে রাতে যখন হাটবেন, যখন স্টেশন পাড়া অতিক্রম করবেন, দেখবেন খোলা আকাশের নিচে মাটিতে বা নর্দমায় শুয়ে আছে, নানা প্রজাতির প্রানী কুকুর, বিড়াল, গরু, ছাগল, শুকর, তার মাঝে এক ধরনের অদ্ভুত প্রাণীও পাবেন, যে আপনার মতই দেখতে, কথা বলে. দুপায়ে হাঁটে, ভাষা আকৃতি অবয়ব সমান সমান। যে মানুষটি অবহেলায় অযত্নে ফুটপাতে সেই একই মানুষ যত্নে ভালোবাসায় অট্টালিকায় থাকে । কখনো ভেবেছেন যে, আশরাফুল মাখলুকাত হয়েও মানব সমাজ সভ্যতা ধর্ম কর্ম থেকে বিচ্ছিন্ন হয়ে আপনার সামনেই পশুত্বের জীবন যাপন করছে? গাঁজা, মদ, ইয়াবা , ঘাম ঢেলে পলেথিন থেকে ঘ্রাণ নেওয়াসহ নানাবিধ নেশা সেবনে সে সমাজে চুরি, ডাকাতি, খুন সন্ত্রাস ইত্যাদি অপকর্মে জড়িয়ে পড়ছে। জাতির নিকট সে বোঝা বা অপরাধ চক্র।

বাংলাদেশে প্রায় ৫০ লক্ষ জনগোষ্ঠী এ শ্রেনীতে অন্তভুক্ত। এদেরকে স্বাভাবিক জীবনে ফিরে এনে নতুন জীবন, সমাজ, সভ্যতা শিক্ষা দেয়া আমার আপনার সবার নৈতিক দায়িত্ব নয় কি?

এই বিভ্রান্ত, পথহারা ভাসমান জনগোষ্ঠির কথা চিন্তা করে **Universe Human Foundation** নোয়াখালীর কোম্পানীগঞ্জে ৫৫ একর তথা ৫৫০০ শতক বা ২,২২,৬২২.৪০ বর্গমিটার জমির উপর তৈরী করতে যাচ্ছে মানবিক পুনর্বাসন প্রকল্প।

আলহামদুলিল্লাহ ইতিমধ্যেই আমাদের জমি ক্রয় সম্পন্ন হয়েগেছে। প্রকল্পের অবশিষ্ট কাজ সহ আমাদের পরিকল্পনা ও বাজেট নিন্মরুপ :

বাজেট

➢ জমিক্রয় ৫৫ একর	-	২,৭৫,০০০০০/- (দুই কোটি পঁচাত্তর লক্ষ) টাকা মাত্র।
➢ ডেভেলপমেন্ট	-	২,০০,০০০০০/- (দুই কোটি) টাকা মাত্র।
➢ আবাসন ভবন- ১০(দশ) টি ১০ম তলা-		২০০,০০,০০০০০/- (দুইশত কোটি) টাকা মাত্র।
➢ স্কুল/মাদরাসা	-	৩,০০,০০০০০/- (দুই কোটি) টাকা মাত্র।
➢ কর্ম সংস্থান	-	২,৫০,০০০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র।
➢ স্বাস্থ্য সেবা	-	১,৫০,০০০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র।
মোট	-	**২১১,৭৫,০০,০০০/- (দুইশত এগারো কোটি পঁচাত্তর লক্ষ) টাকা**

মাদক নিরাময় প্রকল্প :

মাদক জাতির জন্য বিধংসী এক অভিশাপ। এটি শুধু একজন ব্যক্তি নয় বরং পরিবার, সমাজ ও জাতিকে ধ্বংসে করনে গুরুত্বপূর্ন ভূমিকা রাখছে।

এর ভয়াবহ গ্রাস থেকে বাঁচার জন্য অসংখ্য পরিবার আর্তনাদ করছে। কোন ব্যাক্তির পক্ষে মাদক একক ভাবে রোধ করা সম্ভব নয়। তাই আমরা মাদক নিরাময় সেন্টার নামে একটি প্রজেক্ট চালু করার পরিকল্পনা করছি। যার আওতায় একজন নেশাগ্রস্থ ব্যক্তি সুস্থ হয়ে স্বাভাবিক জীবনে ফিরে আসার পাশাপাশি নৈতিক শিক্ষা ও কর্মমুখী জ্ঞান অর্জন করে জাতির আশির্বাদে পরিনত হবে।

এ প্রকল্পে প্রাথমিক বাজেট নিধারন করা হয়েছে। **৩,০০,০০০০০/- (তিন কোটি) টাকা মাত্র।**

দুর্যোগ পরবর্তী ব্যবস্থাপনা:

বাংলাদেশ একটি দুর্যোগপ্রবণ দেশ। নদীমাতৃক এই ভূখণ্ডে বন্যা, ঘূর্ণিঝড়, নদীভাঙন কিংবা নানা ধরনের আকস্মিক প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগের কারণে প্রতিবছর হাজার হাজার মানুষ সর্বস্বান্ত হয়ে পড়ে। দুর্যোগের সময় সাধারণ মানুষের জীবন রক্ষা এবং এর ঠিক পরপরই ক্ষতিগ্রস্তদের মাঝে দ্রুত ত্রাণ বিতরণ, চিকিৎসা সহায়তা, নিরাপদ আশ্রয় এবং পুনর্বাসনের ব্যবস্থা করা অত্যন্ত জরুরি। Universe Human Foundation যেকোনো সংকটময় মুহূর্তে অসহায় ও বিপন্ন মানুষের পাশে দাঁড়াতে বদ্ধপরিকর। দুর্যোগ-পরবর্তী সময়ে ক্ষতিগ্রস্ত এলাকায় তাৎক্ষণিক ত্রাণসামগ্রী পৌঁছে দেওয়া, বিশুদ্ধ পানির ব্যবস্থা করা এবং দুর্গতদের জীবনযাত্রাকে পুনরায় স্বাভাবিক ছন্দে ফিরিয়ে আনার জন্য এই বিশেষ তহবিল গঠন করা হয়েছে।

এ প্রকল্পে প্রাথমিক বাজেট নিধারন করা হয়েছে: **৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা মাত্র।**

প্রকল্পভিত্তিক সর্বমোট বাজেট সারসংক্ষেপ:

ইউনিভার্স হিউম্যান ফাউন্ডেশন (Universe Human Foundation)-এর সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য প্রণীত বিভিন্ন প্রকল্পের প্রাথমিক বাজেটের (প্রথম তিন বছরের জন্য) সর্বমোট হিসাব নিচে প্রদান করা হলো:

শিক্ষা প্রকল্প (প্রাথমিক স্তর)	-	১৯,১০,০০,০০০/- (উনিশ কোটি দশ লক্ষ) টাকা।
স্বাস্থ্য প্রকল্প	-	৯৪,৬২,০০,০০০/- (চুরানব্বই কোটি বাষট্টি লক্ষ) টাকা।
পুনর্বাসন প্রকল্প	-	২১১,৭৫,০০,০০০/-(দুইশত এগারো কোটি পঁচাত্তর লক্ষ)টাকা
মাদক নিরাময় প্রকল্প	-	৩,০০,০০,০০০/- (তিন কোটি) টাকা
দুর্যোগ পরবর্তী ব্যবস্থাপনা	-	৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা।
সর্বমোট বাজেট:	-	৩৩৩,৪৭,০০,০০০/- (তিন শত তেত্রিশ কোটি সাতচল্লিশ লক্ষ) টাকা মাত্র।